# নির্বাচনী পরিবেশ নষ্টে গোপন তৎপরতা চলছে: তারেক রহমান




সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচন ঘিরে একটি চক্র নানামুখী তৎপরতা চালাচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা তারেক রহমান। তার ভাষ্য, এসব পদক্ষেপের উদ্দেশ্য নির্বাচনী প্রক্রিয়াকে ব্যাহত করা। তাই সবাইকে সচেতন থেকে পরিস্থিতি পর্যবেক্ষণের আহ্বান জানান তিনি।

সোমবার (২৬ জানুয়ারি) বিকেলে নোয়াখালীর হাতিয়া দ্বীপ সরকারি কলেজ মাঠে নোয়াখালী–৬ আসনের বিএনপি প্রার্থী মাহবুবের রহমান শামীমের সমর্থনে আয়োজিত জনসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ বক্তব্য দেন।

তারেক রহমান বলেন, দীর্ঘ সময় ধরে মানুষ ভোটাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা থেকে বঞ্চিত ছিল। যারা এ পরিস্থিতি তৈরি করেছে তারা এখন দেশের বাইরে অবস্থান করছে বলেও মন্তব্য করেন তিনি। এ অবস্থায় গণতান্ত্রিক পরিবেশ রক্ষায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা রাখার তাগিদ দেন।

নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, ভোট দেওয়া যথেষ্ট নয়; ভোটকেন্দ্রে উপস্থিত থেকে প্রতিটি ভোটের সঠিক হিসাব নিশ্চিত করতে হবে। একই সঙ্গে সব ধর্মের মানুষের সহাবস্থানের কথা তুলে ধরে তিনি বলেন, সম্মিলিত চেষ্টায় দেশকে এগিয়ে নিতে হবে, কারণ এ দেশই সবার শেষ আশ্রয়।

স্থানীয় সমস্যার প্রসঙ্গে তিনি নদীভাঙন রোধ, বেড়িবাঁধ ও ব্লক বাঁধ নির্মাণের পরিকল্পনার কথা উল্লেখ করেন। এসব উদ্যোগ বাস্তবায়নে দলীয় প্রার্থীকে বিজয়ী করার আহ্বান জানিয়ে তিনি বলেন, বিএনপি সরকার গঠন করতে পারলে ধাপে ধাপে হাতিয়ার সমস্যাগুলো সমাধান করা হবে। জনসভায় জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

LENS ASIA